ü`q Rvbvjv

হৃদয় জানালা খুলে দিয়ে নিজের কথা, প্রেমের কথা, বিচ্ছেদের কথা জানাতে পারেন। পারেন চিঠি লিখে মান ভাঙাতে। ক্ষমা চাইতে পারেন, নতুন করে শুরু করতে পারেন...

পুরুষ তুমি এমন কেন

শুভেচ্ছা ফার্মেসি, খান নাঈম হোসেন ১০১/৪ দারুস সালাম, মিরপুর, এই ঠিকানায় ৪/৫টা চিঠি দিয়ে আজও তোমার কোনো খবর পেলাম না। তাই তোমার খোঁজে ২০০০-এর আশ্রয় নিলাম। ২০০৩-এর ৩ ডিসেম্বর আমাদের বাড়িতে তোমার শেষ যাওয়া, শেষ কথা। ৬ বছর অপেক্ষার কথা বললে, বলেছিলে প্রয়োজনে এক যুগ অপেক্ষা করবে। তারপর পরিবারে তোমাকে নিয়ে আমার বিশৃঙ্খলা আর তার পরিণামে আজও আমার পরিবারের সঙ্গে বিচ্ছিন্নতা। ভাবতে পার একবার, সবকিছু ছেড়ে আজ বাস্তবতার মুখোমুখি আমি। যখন হোস্টেল ছুটি হয় তখন সমরেশের দীপাবলির সঙ্গে আমার পার্থক্য থাকে না। বারবার তুমি আমার কাছে হেরে যাও। তুমি এতো দুর্বল আর অক্ষম যে তোমার প্রতিশোধ, রাগ, অভিমান থাকলেও তোমাকে দেখলেই সব ভুলে আমার পরিবারে তোমাকে নিরাপদে আগলে রাখি, তুমি যখন আমাদের বাড়িতে যেতে তখন বুঝতাম তুমি সমস্যায় আছ, তাই আশ্রয় দিয়েছি যতবার তুমি গিয়েছ, ততোবার। নতুন কোনো সিদ্ধান্ত নিয়ে থাকলে আমাকে জানাতে ভয় পেয়ো না, গ্রামের ঠিকানায় আমাকে জানিয়ো, নয়তো ২০০০-এ ঠিকানা দিও। আমি কষ্ট পাব না, পৃথিবীতে তুমি একমাত্র যে আমাকে কাঁদাতে পেরেছ; আর কোনো শক্তি নেই যে নতুন করে আমাকে কষ্ট দেবে। শুধু কষ্ট একটাই যে তোমার মতো একটাই তোমার মতো একটা কাপুরুষ আমার জীবনে দুর্ঘটনা ঘটিয়ে হারিয়ে গেছে।

আমি

ভালোবাসার ভুল অঙ্ক

সুজন ও সৈকত দুই বন্ধু। সুজন নীলা নামের একটি মেয়েকে ভালোবাসে। কিন্তু একটু চাপা স্বভাবের কারণে সে নীলাকে কখনো তার ভালোবাসার কথা বলতে পারে না। একদিন সে সৈকতকে অনুরোধ করে তার হয়ে নীলাকে ভালোবাসার কথা বলার জন্য। বন্ধু বলে কথা। সৈকত রাজি হয়ে যায়। সুজন সৈকতের হাতে একটি গোলাপ দিয়ে বলে- এটা নীলাকে দিবি আর বলবি, সুজন তোমাকে ভালোবাসে...

সৈকত ফুলটি নিয়ে নীলার কাছে যায় এবং বলে, সুজন তোমাকে খুব ভালোবাসে। নীলা সৈকতকে বলে- 'চালাকি কর কেন? তুমি আমাকে ভালোবাসো এটা বলতে এতো ভয় কিসের?' সৈকত কিছু বলতে যাবে এমন সময় নীলা তাকে থামিয়ে বলল, রাখো তোমার সুজন। তোমার বন্ধুকে গিয়ে বল- 'নীলা তোমাকে নয়, তোমার বন্ধু সৈকতকে ভালোবাসে। আমি তোমাকে খুব ভালোবাসি সৈকত। তোমার মুখ থেকে শুধু 'ভালোবাসি' কথাটা শোনার জন্য এতোদিন অপেক্ষা করেছি। তোমার হাতের ফুলটা আমাকে ভালোবেসে দিতে আসিনি সৈকত? বলো, বলো তুমি সৈকত...

সৈকত কিছুই আর বলতে পারে না। তার মুখ দিয়ে কোনো শব্দই যেন বের হয় না। হাতের ফুলটিকে টুকরো টুকরো করে ছিড়ে নীলার সামনে। দু'চোখ তার স্থির রাখতে পারে না। অশ্রুধারা বয়ে যাচ্ছে তার দু'চোখ বেয়ে। একটাই ভাবনা, সৈকত তার বন্ধুকে গিয়ে কি বলবে? সৈকত কি তার বন্ধুর কোনো প্রশ্নের জবাব দিতে পারবে? পারবে কি বলতে- নীলা তোকে নয়, আমাকে ভালোবাসে...।

মু. ইমাম উদ্দিন ইমন, নটরডেম কলেজ

নীল খামে চিঠি

যার ভালো লাগে গান, কবিতা, ভ্রমণ, দূরের সমুদ্র আর পাহাড়। মাঝে মাঝে এলোমেলো বাতাসে নির্জন সমুদ্রতীরে পাথরের খাঁজে খাঁজে ঝিনুক কুড়াতে যাওয়ার সুপ্ত বাসনা যে লালন করে। এমন একজনকেই খুঁজছি। আমি ছাত্রত্বের শেষ পর্যায়ে, পরিবারের উপচেপড়া ভালোবাসা ধারণকৃত একজন সাদাসিধে মানুষ। আজ গ্রীষ্মের প্রচন্ড তাপদাহের মাঝেও একজনকে খুঁজছি...। সময়ের প্রয়োজনে আর অপেক্ষার শেষ মুহূর্তে তুমি কি কাউকে খুঁজছো...? যদি তুমি লিখ তবে আমি আসবো তোমার জীবনে। যেন তোমার মরুভূমিসম হৃদয় সব পূর্ণতা পায়। বিস্তারিত জানিয়ে জলদি... তো হয়ে যাক নীল খামে লেখা এবং...

অ্যালেক্স মার্টিন, প্র:/মি. বাদল বাড়ৈ,
ঢাকা এ.জি.চার্চ সেন্টার
৪০১/১ নিউ ইস্কাটন রোড, ঢাকা

ভালোবাসার জয়-পরাজয়

বাবা, আপনি যদি বেঁচে থাকতেন তাহলে মিথিলার বাবা এভাবে অবহেলা করতেন না আমাকে। এখন সবচেয়ে বাজে সময় অতিবাহিত করতে হচ্ছে আমাকে। ওরা কেউ আমাকে বোঝে না। না আমার পরিবারের কেউ, না মিথিলার পরিবারের কেউ। যদি আবেগটা ধরে বসে থাকতাম, ঐ দিন সুনামগঞ্জ না যেতাম তাহলে হয়তো ভালো হতো। মাঝে মাঝে প্রায়ই মনে হয় আপনার কথাগুলো। আজ আমি খুব নিঃসঙ্গ। যেন সময়গুলো কাটতে চায় না। অনেক সময় নিষ্ঠুর কষ্টগুলো সহ্য করতে পারি না। হাফিজ চাচা শুধু পরীক্ষা করেন। ওনার পরীক্ষা যেন শেষ হবে না কোনো দিন। বাবা আজ যদি আপনি থাকতেন তাহলে আমার ভালো-মন্দের সত্যায়িত সার্টিফিকেট ওদের সহজে দিয়ে দিতেন। ওরা পেয়ে যেতো একজন ভালো মানুষ। আর আমি শিকার হতাম না এই কষ্টের। আজ যদি আপনার মতো একজন বন্ধু পেতাম, তাহলে সমস্যা বলে কিছু আক্রমণ করার সাহস পেতো না। আর মিথিলাকে জয় করা সহজ হতো। গণি মিয়া খুব সহজে মিথিলাকে জয় করে নিত। প্লিজ বাবা, আমার জন্য প্রার্থনা করুন। আমি যেন সহজে বাধাগুলো অতিক্রম করতে পারি, এবং অপরাজিত থাকতে পারি আজীবন। আপনার কাছ থেকে শেখা সত্যগুলো আজ খুব কঠিন মনে হয়। এরপরও একশ' ভাগ চেষ্টা করি সত্য বলার। আমি গণি মিয়া যেন আমার মিথিলাকে পাই। মিথিলা যেন গণি মিয়ার ভাষাগুলো বুঝতে পারে সব সময়। গণি মিয়া যে একশ' ভাগ খাঁটি মানুষ সেই প্রমাণ যেন আমি করতে পারি সেই শক্তি ও সাহস যেন সৃষ্টিকর্তা আমাকে দান করেন।

গণি মিয়া, চৌকিদেখী, সিলেট

চিরকূট

জন্মদিনে শুভেচ্ছা, কাছের মানুষটি কথা বলছে না, চিঠি পৌঁছাবে না, চিরকূট লিখুন। লিখতে পারেন বন্ধু চেয়ে... লেখা ছোট হতে হবে...

একাকী আমি

২৬টি বসন্ত পেরিয়ে নিঃসঙ্গ আমি। নিঃসঙ্গতার অবসানে এমন কাউকে খুঁজি যে হবেন আমার বোধের অংশীদার, যার চোখ দেবে কর্মপ্রেরণা এবং যার হাত দেবে ভালোবাসার পরশ। এমনি আহ্বানে সাড়া দেবার কেউ থাকলে লিখুন।

আরঙ্গজেব, রুম নং-১৩৬/ডি শহীদ শামসুল হক হল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

¯c ci“l

প্রতিদিনের ব্যস্ততার মাঝেও আমি ভাবি। কাকে নিয়ে ভাবি? তুমি কি সেই, যাকে আমি কল্পনার রাজ্যের রাজা বানিয়ে রেখেছি?

বৃষ্টি (সেবিকা), কেয়ার মেডিকেল সেন্টার, পশ্চিম বাইপাস, বনবেলঘরিয়া, নাটোর ৬৪০০

†cg Ges ev¯eZv

সাভারের জলকন্যা, হৃদয় জানালায় আপনার অসাধারণ লেখাটি পড়ে মুগ্ধ হয়েছি। চাপা কষ্টে মনের অজান্তেই ভিজিয়েছি কপোল। এটাই কি চরম বাস্তবতা? তাহলে ভাঙতে চাই। শেয়ার করবেন, প্লিজ!

মামুন পাহাড়ী, কাজী মঞ্জিল-১ (৩য় তলা), ৯১৮, হাজী নূর আহমেদ রোড, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম ৪০০০

স্বপ্নের সিঁড়িতে

মনে হচ্ছে, পাশাপাশি বসে দু'জনায় আনন্দময় সুখের জীবনের দোলনায় দোল খাচ্ছি আমরা। তুমি কি জান, পারিবারিকভাবেই শীঘ্রই বিয়ে হতে যাচ্ছে আমাদের এ মিলন হবে পৃথিবীর সবচেয়ে সুন্দর, মধুর মিলন।

এনামুল কবির রিপন, ১৩৯, ফজলুল হক হল, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

ভালোবাসার মোহনা

জীবনটা হয় যদি ছোট্ট একটা নদী
তবে বলো তার লক্ষ্যটা কি?
হারিয়ে যেতে চায় সে অজানায়
তবু বারবার মেশে মোহনায়
জোয়ার-ভাটার জয়-পরাজয় সয়ে
আমিও সেই নদী হতে চাই।

মৌনতা

বন্ধুত্বের আহবান

■ আমি ঢাকায় বসবাসরত বন্ধুহীন এক যুবক। তাই যে কোনো বয়সের বন্ধুদের জন্য রইলো আমার স্বার্থহীন বন্ধুত্বের আমন্ত্রণ।

বন্ধুহীন একজনা, মোবাইল-০১৭২৯২৩০৩৩

■ SMS বন্ধু চাই। আমি ২৩ বছরের সুদর্শন স্মার্ট তরুণ। শুধুমাত্র SMS সুবিধার মাধ্যমে যে কেউ আমাকে ম্যাসেজ পাঠাতে পারেন।

রোহান হাসান ১৭১২২৯০৭৫

■ পৃথিবীর সুন্দরতম সম্পর্কের একটি হচ্ছে 'বন্ধুত্ব'। কিন্তু সবার সঙ্গে কি বন্ধুত্ব হয়? আর প্রকৃত বন্ধু হয়ই বা ক'জন? বন্ধুর মতো বন্ধু হলে একজনই যথেষ্ট। তুমি যদি প্রকৃত বন্ধুত্বে বিশ্বাসী হও তাহলে এসো।

সকাল, সিদ্দিক মঞ্জিল, শাহজালাল সড়ক (বাঘিয়া), পোঃ কাশিপুর, থানা-কোতোয়ালি, বরিশাল-৮২০০

■ রাত জেগে শরতের জোছনামাখা আকাশ দেখতে চাই। যে কেউ লিখুন, বন্ধু করে নেব।

শান্ত রুম নং-৪৪২, এ- ব্লক, এমএইচ হল, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সাভার, ঢাকা

■ শিক্ষিত রুচিশীল, একজন মেয়ের সঙ্গে বন্ধুত্ব করতে আগ্রহী।

মোঃ জয়নাল আবেদীন, চট্টগ্রাম

■ পত্রের মাধ্যমে বন্ধুত্ব করতে চাই। লেখার আমন্ত্রণ রইল।

মাহফুজা, ৩৫৩, বেগম রোকেয়া হল, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী-৬২০৫

■ জীবন চলার পথে একজন অতি প্রিয় ও নিঃস্বার্থ বন্ধু প্রয়োজন। একমাত্র বন্ধুই পারে একে অন্যকে বুঝতে। আমিও চাই একজন সুন্দর মনের বন্ধু পেতে যে হবে আমার প্রিয় একজন। প্রবাসীদের আমন্ত্রণ।

প্রীতি, কাজীহাটা, রাজশাহী

■ এমন একজনকে খুঁজছি যে আমার অন্ধকার হৃদয়ে আলো জ্বালাবে। আমার সুখ, দুঃখ ভাগ করে নেবে। যে আমার সঙ্গে ঝগড়া করবে, মান অভিমানের পালায় অংশ নেবে। হবে আমার ভালো বন্ধু, হবে প্রেমিকা এবং জীবন সঙ্গী।

শাহেদ, সৌদি আরব, রিয়াদ K.S.A, মোবাইল-৫০৭৪১৭৫৯৯

■ বিধাতা হয়তো তোমাকে নিজ হাতে তৈরি করেছেন। সুন্দরকে তো আরো সুন্দর করে দেখতেই আনন্দ। চাইলেই বন্ধু হতে পারো। বন্ধুত্বে অতি আপন হওয়া না গেলেও স্থায়ীত্বের নিশ্চয়তা থাকে।

দেবাশীষ, প্রযত্নে : ডা. উত্তম কুমার দেব চৌধুরী এ্যাপারেল্‌স, ৮২, নাসিরাবাদ, চট্টগ্রাম, মোবাইল- ০১৭৬৮৭৬৩৩৭

■ অচেনাকে-চেনার, অজানাকে জানার প্রবল আগ্রহ ও ইচ্ছা প্রকাশ করতে পারি। এমন একজন বন্ধুর প্রত্যাশায়...।

টুটুল, ২৫৭/১, সেনপাড়া, মিরপুর-১০, ঢাকা-১২১৬, মোবাইল : ০১৭৬১৫৮৯১৪

■ চলছি এক অজানা পথে, সঙ্গবিহীন গন্তব্যহীন। কেউ কি বন্ধু হবেন...? আমার সঙ্গে এই পথ চলার।

নিলয়, ন্যাশনাল মেডিকেল সেন্টার, ৬৬/বি মানিকনগর, ঢাকা ১২০৩

■ বন্ধুত্বে আগ্রহী ছেলে বা মেয়ে যে কেউ লিখতে পারেন খোলা মনে।

মুহাম্মদ আনোয়ার হোসেন (মঞ্জু) প্রযত্নে : মহত আলী সারাং বাড়ি গ্রাম : জাহানপুর, পো: ফতেপুর (৪৩৪৫), থানা: ফটিকছড়ি, চট্টগ্রাম

■ বন্ধুত্ব হচ্ছে হৃদয়ে অনেক পাখির আনাগোনা। বন্ধুত্ব এক বেহিসেবি ভালোবাসার আশ্চর্য অনুবাদ। বন্ধুত্ব স্বর্গীয় অমরাবতী যেখানে অপার্থিব আনন্দের মাঝে পাখি ডাকা নিস্তব্ধতায় জন্ম নেয় স্বপ্ন, ইচ্ছে আকাঙ্ক্ষা...

পথিক, ০১৭৮৫৩৯২৮৪

■ চেয়ে দেখ ভারি চতুর সময় বয়ে যায়- দীপ্ত তেজে এসো, সামনে এগোই। বন্ধু, সঙ্কুচিত স্বপ্নের পাঁপড়িগুলো আমাদের ডাকছে, সজল হাসির ফোয়ারায় আজ সকল ফুলের গতর ভাসিয়ে দেব। এসো, বন্ধুত্বের সরোবরে।

স্বপন, রুম নং- ২০২, ফয়সাল ছাত্রাবাস, রাধানগর, পাবনা

■ আমি ভীষণ একা। মুক্ত মনের বান্ধবী চাই। যাদের মধ্যে থাকবে না প্রতারণা, প্রবঞ্চনা ও মিথ্যার সঙ্গে বসবাস।

অনু, ০১৮৮৪১১৯৬৩

■ সময়ের হাত ধরে পৌঁছেছি একাকিত্ব নিঃসঙ্গতায়। মানুষ কখনো একা থাকতে পারে না এটাই কি আমার অপরাধ। মানুষের জীবনে এমন কিছু সময় আসে তখন নিজেকে খুব অসহায় মনে হয়। সেই মুহূর্তে একজন ভালো বন্ধুর ভীষণ প্রয়োজন।

অর্পণ বিশ্বাস, নিউ শিলা বিতান, ১নং কোর্ট হাউজ স্ট্রিট, ঢাকা

■ সত্যিকারের বন্ধুত্বই হতে পারে দুটি হৃদয়ের পবিত্রতম বন্ধন। তাই, কোনো স্বার্থপরতা নয়, নয় কোনো লুকোচুরি, এমনি হৃদয়ের যে কেউ অকপটে আসতে পারেন।

আঃ আজিজ, ১৬৮, এস, এম, হল, ঢা.বি.

■ বন্ধু চাই, চাই সত্যিকারের বন্ধুত্ব। ডাক্তার/প্রবাসী/উপজাতি মেয়েরা লিখুন নিশ্চিন্তে। fsl-friend@yahoo.com

■ মরু হৃদয়ে ভালোবাসা দিয়ে তৃষ্ণা মিটাবেন কেউ? প্রেম, বন্ধুত্বের আহ্বান।

S.A. Khalik, Po. Box. No- 132
Al Ahad, Jizan, K.S.A
Mobile No- 508764401